



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং : শিশিবো/পনি/উমা-২৪/৫৭৭

তারিখ : ০৯ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ

২৪ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিস্টাব্দ


এইচএসসি পরীক্ষা-২০২৪ এর অব্যয়িত ফি ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার স্থগিত পরীক্ষাসমূহ গত ২০/০৮/২০২৪ তারিখে বাতিল করা হয়। অত্র শিক্ষা বোর্ডে যে সকল বিষয়ের উপর পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে উক্ত বিষয়সমূহ ব্যতীত অবশিষ্ট বিষয়সমূহের জন্য পত্র প্রতি (তত্ত্বীয়) উত্তরপত্র মূল্যায়ন বাবদ ধার্যকৃত অর্থ ও ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃ শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির গত ১৮/০৯/২০২৪ তারিখের ১৯২তম সভায় পরীক্ষার্থীদের ফেরত প্রদানের সিদ্ধান্ত গ্রহীত হয়।

২০২৪ সালের এইচএসসি পরীক্ষার অব্যয়িত ফি ফেরত প্রদান :

- ক) বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত : ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিল তাদের প্রবেশপত্রে উল্লিখিত প্রতিটি পত্রের জন্য বোর্ড কর্তৃক ধার্যকৃত উত্তরপত্র মূল্যায়ন ফি পত্র প্রতি (তত্ত্বীয়) ৪০.০০ (চল্লিশ) টাকা হারে ফেরত প্রদান করা হবে। বোর্ড কর্তৃক ফেরতকৃত অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে। পরীক্ষার্থীগণ নিজ শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ গ্রহণ করবে।
- খ) কেন্দ্র কর্তৃক নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষার্থীকে ফেরত : ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরম পূরণ করেছিল তাদের প্রবেশপত্রে উল্লিখিত (আইসিটি ব্যতীত) সকল ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে প্রতি পত্র ৪৫.০০ (পয়তাল্লিশ) টাকা (যা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত) হারে ফেরত প্রদান করা হবে। পরীক্ষার্থীগণ ব্যবহারিক পরীক্ষার ফি বাবদ অব্যয়িত অর্থ নিজ প্রতিষ্ঠান হতে গ্রহণ করবে।
- গ) শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান : শিক্ষা প্রতিষ্ঠান কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ১০% কর্তন করে অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট কেন্দ্রকে প্রদান করবে। কেন্দ্র কর্তৃপক্ষ উক্ত অর্থ পরীক্ষা পরিচালনা, পরীক্ষার গোপনীয় মালামাল বোর্ডে জমাদানসহ পরীক্ষা সংশ্লিষ্ট প্রশাসনিক কাজে ব্যয় করবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


২৪/০৯/২০২৪

(প্রফেসর অরুণ চন্দ্র পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৫। অধ্যক্ষ/ভাপ্রাপ্ত কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান।
- ৬। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
- ৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৯। সংরক্ষণ নথি।